# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২

১/ পবিত্রতা (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১১. পেশাব হতে পবিত্রতা অর্জন করা সম্পর্কে।

باب الاِسْتِبْرَاءِ مِنَ الْبَوْلِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ زَيْدِ بْنِ وَهْبٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ ابْنِ حَسَنَةَ، قَالَ انْطَلَقْتُ أَنَا وَعَمْرُو بْنُ الْعَاصِ، إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَخَرَجَ وَمَعَهُ دَرَقَةٌ ثُمَّ اسْتَتَرَ بِهَا ثُمَّ بَالَ فَقُلْنَا انْظُرُوا إِلَيْهِ يَبُولُ كَمَا تَبُولُ الْمَرْأَةُ . فَسَمِعَ ذَلِكَ فَقَالَ " أَلَمْ تَعْلَمُوا مَا لَقِيَ صَاحِبُ بَنِي إِسْرَائِيلَ كَانُوا إِذَا أَصَابَهُمُ الْبَوْلُ قَطَعُوا مَا أَصَابَهُ الْبَوْلُ مِنْهُمْ فَنَهَاهُمْ فَعُذِّبَ فِي قَبْرِهِ " . قَالَ أَبُو دَاوُدَ قَالَ مَنْصُورٌ عَنْ أَبِي وَائِلٍ عَنْ أَبِي مُوسَى فِي هَذَا الْحَدِيثِ قَالَ " جِلْدَ أَحَدِهِمْ " . وَقَالَ عَاصِمٌ عَنْ أَبِي وَائِلٍ عَنْ أَبِي مُوسَى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " جَسَدَ أَحَدِهِمْ " .

حكم : صحيح (الألباني

বাংলা

২২. মুসাদ্দাদ .... আব্দুর রহমান ইবনু হাসানা হতে বর্ণিত। তিনি বলেছেনঃ একদা আমি এবং আমর ইবনুল-আস (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সালামের নিকট যাচ্ছিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি ঢালসহ বের হলেন, অতঃপর ঢালটি আড়াল করে (অন্যদের হতে পর্দার উদ্দেশ্যে) পেশাব করলেন। আমরা পরস্পর বললাম, তোমরা তাঁর প্রতি লক্ষ্য কর, তিনি মহিলাদের ন্যায় পেশাব করছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের এহেন বক্তব্য শুনতে পেয়ে বলেনঃ তোমরা কি জাননা বনী ইসরাঈলের এক ব্যক্তির অবস্থা কি হয়েছিল? তাদের কারো পরিধেয় বস্ত্রে পেশাব লেগে গেলে তারা সে অংশ কেটে ফেলতো অতঃপর এই ব্যক্তি তাদের এরূপ করতে নিষেধ করায় তাকে কবরে শাস্তি প্রদান করা হয়েছে -(নাসাঈ, ইবনু মাজাহ)।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, মানসূর (রহঃ) আবূ ওয়াইল থেকে, তিনি আবূ মূসা (রাঃ) হতে এই হাদীস বর্ণনা করেছেন। তাঁর বর্ণনানুযায়ী (جِلْدَ أَحَدِهِمْ) অর্থাৎ তাদের কারও চামড়ায় পেশাব লেগেছিল। তা কাটার সময় উক্ত

ব্যক্তি নিষেধ করেছিল।

আসিম, আবূ ওয়াইল হতে, তিনি আবূ মূসা (রাঃ) হতে এবং তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, (جَسَدَ أَحَدِهِمْ) অর্থাৎ কারও শরীরে পেশাব লাগলে।

## English

Narrated Amr ibn al-'As:

AbdurRahman ibn Hasanah reported: I and Amr ibn al-'As went to the Prophet (ﷺ). He came out with a leather shield (in his hand). He covered himself with it and urinated. Then we said: Look at him. He is urinating as a woman does. The Prophet (ﷺ), heard this and said: Do you not know what befell a person from amongst Banu Isra'il (the children of Israel)? When urine fell on them, they would cut off the place where the urine fell; but he (that person) forbade them (to do so), and was punished in his grave.

Abu Dawud said: One version of Abu Musa has the wording: "he cut off his skin".

Another version of Abu Musa goes: "he cut off (part of) his body."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16445

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন